তারিখ 19 APR 2017
পৃষ্ঠা ১২ কলাম ৬

দৈনিক আমাদের সময়

# ৩ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে শিবগঞ্জে যুবলীগের সম্মেলন

চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি ●

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ৩টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে উপজেলা যুবলীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে পৌর এলাকার সেলিমাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এই সম্মেলন উপলক্ষে ছুটি দিয়ে ৩টি শিক্ষা প্রতিষ্ঠানের সহস্রাধিক শিক্ষার্থীকে পাঠদান থেকে বঞ্চিত করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

জানা গেছে, সোমবার রাত থেকেই স্কুল মাঠে সম্মেলন অনুষ্ঠানের মঞ্চ ও প্যান্ডেল সাজানোর কাজ শুরু হয়। সকাল থেকেই চালানো হয় উচ্চস্বরে দলীয় প্রচার-প্রচারণাসহ বিভিন্ন ধরনের কার্যক্রম। এতে করে পার্শ্ববর্তী শিবগঞ্জ সানফ্লাওয়ার কিন্ডারগার্টেন ও শিবগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হলে প্রতিষ্ঠান দুটি ছুটি ঘোষণা করতে বাধ্য হয় কর্তৃপক্ষ। অন্যদিকে সেলিমাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান বন্ধ করায় শিক্ষার্থীরা পড়ে বিপাকে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুনসুর আনাম জানান, ইউএনও স্যারের লিখিত চিঠির নির্দেশনায় এরপর পৃষ্ঠা ৬, কলাম ৫

## ৩ শিক্ষা প্রতিষ্ঠান

(শেষ পৃষ্ঠার পর) মাঠ ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ব্যবহারে পাঠদান ব্যাহত হচ্ছে কিনা জানতে চেয়ে উপজেলা যুবলীগের সভাপতি সফিকুল ইসলামের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি সভায় ব্যস্ত আছেন বলে সংযোগটি বিচ্ছিন্ন করে দেন।

এ ব্যাপারে শিবগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলমগীর হোসেন জানান, মৌখিকভাবে শিক্ষা কর্মকর্তার নির্দেশে চতুর্থ ঘণ্টার পর পাঠদান স্থগিত করা হয়। শিবগঞ্জ উপজেলা (ভারপ্রাপ্ত) প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সরকার রিয়াজুল ইসলাম জানান, ইউএনওর নির্দেশনা মোতাবেক তিনি শুধু তার দায়িত্ব পালন করেছেন।

শিবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শফিকুল ইসলাম জানান, নিরাপত্তার বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিয়ে মাঠটি ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর